উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

অক্টোবর/২০২১ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ।
সভার তারিখ : ১৪/১০/২০২১ খ্রি:
সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট ‘ক’:

সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা নির্বাহী অফিসার ,শান্তিগঞ্জ উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবে না বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়

| আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কি না সভায় জানতে চাওয়া হয়। | সিদ্ধান্ত ১ঃ কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। বাস্তবায়নেঃ উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ। |
| ০২. ব্যয়ের হিসাব | উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | |

| | | |
|---|---|---|
| ০১ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর সেপ্টেম্বর/২০২১ মাসের সম্মানী ভাতার বিল | ৪০,০০০/- |
| ০২ | জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর সেপ্টেম্বর/২০২১ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০/- |
| ০৩ | জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর সেপ্টেম্বর/২০২১ মাসের সম্মানী ভাতার বিল। | ২৭,০০০/- |
| ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের সেপ্টেম্বর/২০২১ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- |
| ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের সেপ্টেম্বর/২০২১ মাসের মাসিক,আপ্যায়ণ ও অন্যান্য বিল ভ্যাটসহ | ১৩৯২৫/- |
| ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের সেপ্টেম্বর/২০২১ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- |
| ০৮ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর সেপ্টেম্বর/২০২১ মাসের মজুরী বিল। | ১৬৫০০/- |
| ০৯ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর সেপ্টেম্বর/২০২১ মাসের মজুরী বিল। | ১৬৫০০/- |
| ১০ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর সেপ্টেম্বর/২০২১ মাসের | ১৬৫০০/- |

| | | |
|---|---|---|
| | মজুরী বিল । | |
| ১১ | জনাব মো; কামাল হোসেন, পরিছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর সেপ্টেম্বর/২০২১ মাসের মাসের মজুরী বিল | ১৬৫০০/- |
| ১২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ এর সেপ্টেম্বর/২০২১ মাসের ইন্টারনেট বিল | ৪৫০/- |
| ১৩ | উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২১ মাসের মাসিক সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন বিল ভ্যাটসহ | ১৩,০০২/- |
| ১৪ | উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ সতেরটি উপজেলা কমিটির সভার জন্য সেপ্টেম্বর/২০২১ মাসের মাসের আপ্যায়ণ ও অন্যান্য খরচ বাবদ ব্যয়। | ৮,০০০/- |

বিভাগওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে সবগুলো ইউনিয়ন হতে এডিপি বরাদ্দের বিপরীতে প্রকল্পের তালিকা পাওয়া গেছে।<br>অত্র উপজেলায় নতুন কোন স্থাপনা করতে হলে যাথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ জানান যে, ইঞ্জিনিয়ারিং ইন্সটিটিউট ও আর্কিট্যাকচার্স এসোসিয়েশনের প্রেরণের পরই সংশ্লিষ্ট কমিটির সভা আয়োজন করা যাবে। এছাড়াও উপজেলা কমিটির প্রত্যয়ন ব্যতিত নতুন কোন স্থাপনাতে বিদ্যুৎ সংযোগ না দেওয়ার জন্য সভায় আলোচনা করা হয়।<br>উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, সময়ের সাথে সাথে পরিষদ ভবনে বিভিন্ন দপ্তরের অফিসার সংখ্যা বেড়েছে, ভবিষ্যতে আরও বাড়বে। এমতাবস্থায় অফিসারদের স্থান সংকুলানের নিমিত্তে ৪ তলা ভবনের এক্সটেনশন করা প্রয়োজন।<br>উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ) বলেন যে, ভবনের ভেতর ও বাহিরে বেশ কিছু মেরামত কাজ করানো প্রয়োজন। ভবনের কমন টয়লেট সমূহ সংস্কার ও রক্ষণাবেক্ষণ জরুরী হয়ে পড়েছে এবং ভবনটির চারপাশের দেয়ালের বটগাছসমূহ অপসারণ করা খুবই জরুরি। | ১। উপজেলায় নতুন বাড়ী করার পূর্বে পরিষদের অনুমতি নেয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে এবং উপজেলা কমিটির প্রত্যয়ন ব্যতীত বিদ্যুৎ সংযোগ দেওয়া যাবে না।<br>২. ৪ তলা ভবনের এক্সটেনশন ও মেরামতের জন্য প্রাক্কলন তৈরি করতে হবে।<br>৩. প্রাক্কলন স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>৪. ভবনের কমন টয়লেট সমূহ সংস্কার করতে হবে এবং ভবনটির চারপাশের দেয়ালের বটগাছসমূহ অপসারণ করতে হবে।<br>৫. গেজেটেড কোয়ার্টারের কাছে সুবিধাজনক স্থানে একটি ডাস্টবিন নির্মাণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ<br>২। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ<br>৩। উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ<br>৪। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | ইউএইচএফপিও সভায় অনুপস্থিত ছিলেন। তার পরিবর্তে স্বাস্থ্য পরিদর্শক সভায় যোগ দেন। তার কোন বক্তব্য না থাকায় সভায় স্বাস্থ্য বিভাগ সম্পর্কিত কোন আলোচনা হয় নি। | কোন সিদ্ধান্ত নেই। | |
| ৩। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরের টি আর ও কাবিখা'র বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প তালিকা দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। যে সকল ইউনিয়ন পরিষদ হতে ত্রাণ বিতরণের মাস্টার রোল পাওয়া যায় যায়নি তাদেরকে জরুরী ভিত্তিতে তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | ১) জরুরী ভিত্তিতে প্রকল্প দাখিল করতে হবে।<br>২) বিতরণকৃত ত্রাণের মাস্টাররোল এ মাসের মধ্যেই প্রেরণ করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ।<br>২। ইউপি চেয়ারম্যান, শান্তিগঞ্জ (সকল) |

| ...মিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | উপজেলার ১৬ টি ইউনিয়ন ও ০১ টি পৌরসভা গঠিত ছিল। ০৯ টি ক্লাস্টারের জন্য ০৯ টি সহকারি উপজেলা শিক্ষা অফিসারের পদ বিদ্যমান ছিল। তার মধ্যে বর্তমান শান্তিগঞ্জ উপজেলায় ০৫ টি ক্লাস্টার ও সদর উপজেলার মধ্যে ০৪ টি ক্লাস্টার ছিল। কিন্তু শান্তিগঞ্জ উপজেলা সৃষ্টির সময় ০৫ টি ক্লাস্টারের জন্য ৫ টি সহকারী উপজেলা শিক্ষা অফিসারে পদ সৃষ্টির প্রয়োজন থাকলেও মাত্র ০২ টি সহকারী উপজেলা শিক্ষা অফিসারে পদ সৃষ্টি করা হয়।উপজেলায় প্রয়োজনের তুলনায় সহকারি শিক্ষা অফিসারের পদ কম রয়েছে। মাত্র ২ টি পদ রয়েছে যার মধ্যে ১ টি পদ অনেকদিন যাবৎ শূন্য রয়েছে। উপজেলায় ৯৭ টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে যা বর্তমান লোকবল নিয়ে মনিটর করা ও মান সম্মত শিক্ষা নিশ্চিত করা কষ্টসাধ্য। শান্তিগঞ্জ উপজেলায় ৯৭ টি বিদ্যালয়ের জন্য বিদ্যমান ০৫ টি ক্লাস্টারের জন্য আরোও ০৩ টি সহকারী উপজেলা শিক্ষা অফিসারের পদ সৃষ্টিসহ কর্মকর্তা নিয়োগ অতীব প্রয়োজন। | ২. যে সকল স্কুলের টিউবওয়েলে পানি আসেনা তার তালিকা জমা দিতে হবে এবং ত্রুটিপূর্ণ টিউবওয়েল মেরামত করতে হবে।<br>৩. যে সকল কর্মকর্তাগন বিভিন্ন সরকারি কাজে উপজেলার বিভিন্ন গ্রামে পরিদর্শন করেন, পরিদর্শনকালে নিকটবর্তী প্রাইমারি স্কুল পরিদর্শন করতে হবে। | জনস্বাস্থ্য কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, কোভিড-১৯ পরিস্থিতির পর সরকারি নির্দেশনা বাস্তবায়নে সকল মাধ্যমিক বিদ্যালয় শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে। সপ্তাহে ০২ দিন ক্লাস হচ্ছে। এস এস সি শিক্ষার্থীদের প্রতিদিন ক্লাস হচ্ছে। ইউনিক আইডি কার্ড প্রণয়নের কাজ চলমান রয়েছে। এই প্রকল্প বাস্তবায়নে অনলাইন জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করা হয়েছে। অনলাইন জন্ম নিবন্ধনে সহযোগিতা করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে সচেষ্ট থাকা প্রয়োজন। | ১. শিক্ষার্থীদের অনলাইন জন্ম নিবন্ধনের সহযোগিতা করতে হবে এবং ভ্যাকসিন গ্রহণ ও ভ্যাকসিন কার্যক্রমে সহযোগিতা করতে হবে।<br>২। মান সম্পন্ন শিক্ষা নিশ্চিতকল্পে মনিটরিং কার্যক্রম বাড়াতে হবে। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান, শান্তিগঞ্জ (সকল) |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, শান্তিগঞ্জ সভায় জানান যে, সেবা সার্বিক উন্নয়ন সমবায় সমিতি, পাগলা বাজার,শান্তিগঞ্জ সুনামগঞ্জ কর্তৃক বিভিন্ন দল গঠন করে শেয়ার সঞ্চয়ের নামে অর্থ সংগ্রহ করা হচ্ছে মর্মে অভিযোগ পাওয়া যায়। উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে,সমিতির সদস্য বহির্ভূত কোন ব্যক্তি ঋণ কার্যক্রম করার আইনগত অধিকার নেই।ইতিপূর্বে উক্ত সমিতি কতিপয় সদস্যদের টাকা ফেরত প্রদান করেছেন। অন্যান্য গ্রামের সদস্যদের টাকা শীঘ্রই ফেরত প্রদানের জন্য সমিতিকে নির্দেশনা প্রদান করা হয়েছে। | ১. সমিতির সদস্য বহির্ভূত কোন ব্যক্তি যেন শেয়ার সঞ্চয়ের নামে গ্রাহকদের নিকট থেকে অর্থ সংগ্রহ না করতে পারে সে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২.অর্থ সংগ্রহের নামে প্রতারণার অভিযোগ পাওয়া গেলে উক্ত সমিতির নিবন্ধন বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১.উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার ২০২১-২০২২ অর্থ বছরের উপজেলার মোট বরাদ্দ ৬৭ জন। জয়কলস ইউপিতে ৩২ জন এবং অন্য সকল ইউপিতে ০৫ জন করে মোট ৩৫ জন। কমিটির মাধ্যমে সকল ইউপিতে প্রাথমিকভাবে বাছাইকৃত তালিকা ইউনিয়ন কমিটির রেজুলেশনসহ তালিকা প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | ১) যে সকল ইউপি চেয়ারম্যানগণ তালিকা প্রেরণ করেননি জরুরী ভিত্তিতে ইউনিয়ন কমিটির রেজুলেশনসহ অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার তালিকা প্রেরণ করতে হবে।<br>২) চলমান প্রকল্প সমূহের অগ্রগতি নিয়মিত মাসিক সভাকে অবহিত করতে হবে। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা।<br>২. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৪। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান যে, বরাদ্দকৃত ৪০০০ টিউবওয়েল এর মধ্যে ৩০০০ টিউবওয়েলের কাজ শেষ করা হয়েছে। বাকী ১০০০ টিউবওয়েলের কাজ বিভিন্ন সমস্যার কারণে শেষ করা যাচ্ছে না। অত্র উপজেলায় ৩০০০ টয়লেটের কাজ সম্পন্ন করা হয়েছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ জানান যে, টয়লেট নির্মাণের সময় ঠিকাদারগণ সুবিধাভোগীদের নিকট হতে মালামাল পরিবহন খরচ দাবী করেন মর্মে অভিযোগ পাওয়া যায়। এই বিষয়ে তদারকি করার উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা, শান্তিগঞ্জ কে অনুরোধ করা হয়। | ১) অসমাপ্তকৃত ১০০০ টিউবওয়েলের কাজ দ্রুত সমাধান করতে হবে।<br><br>২) ঠিকাদারগণ সুবিধাভোগীদের নিকট হতে মালামাল পরিবহন খরচ দাবীর বিষয়টি তদন্ত করে কার্যকর ব্যবস্থা নিতে হবে।<br><br>৩) আর্সেনিক টেস্টার নিয়োগ সম্পন্ন করতে হবে। | ১) উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে,বোরো আমনের বীজতলার কাজ চলমান আছে। বোরো আবাদ ফসলের জন্য কৃষকদেরকে সঠিক পরামর্শ দেওয়া হচ্ছে। এছাড় বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কৃষকদের সঠিক পরামর্শ প্রদানের মাধ্যমে বোরো আবাদের ফসল উৎপাদন বৃদ্ধি করতে হবে। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা / উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা |
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | |
| ৭।. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা হয় নি। উপজেলা পরিবার পরিকল্পনা কমিটির মাসিক সভা নিয়মিত অনুষ্ঠিত হয় না মর্মে সভাপতি ক্ষোভ প্রকাশ করেন। তিনি জানান যে, অত্র বিভাগের কার্যক্রম বা কী কী উপকরণ বিতরণ করা হয় তাও অবহিত করা হয় না। এটি অত্যন্ত দুঃখজনক। | ১) প্রতি মাসে সামগ্রিক কর্মকান্ডের একটি পরিসংখ্যান সভায় উপস্থাপন করতে হবে।<br>২. জন্ম নিবন্ধনের স্থায়ী পদ্ধতির অপারেশন এর জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে খালি থাকা সাপেক্ষে একটি কক্ষ ব্যবহারের অনুমতি প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের মাঠকর্মীদের সঠিকভাবে জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি কার্যকর করতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br><br>২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br><br>৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ৮ | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভিন্ন প্রাণিসম্পদ উপকরণ বিতরণের জন্য উপকারভোগীদের তালিকা চাওয়া হলেও কোন ইউপি চেয়ারম্যান তা পাঠান নি।তিনি অত্র এলাকার পোল্ট্রি খামারীদের পর্যাপ্ত প্রশিক্ষণ নেই বিধায় তারা ক্ষতিগ্রস্ত হচ্ছেন মর্মে জানান। তার দপ্তরে বিভিন্ন পশু-পাখির ভ্যাক্সিন রয়েছে মর্মে জানান কিন্তু নিয়মিত লোড শেডিং হওয়ায় ও বিকল্প বিদ্যুৎ ব্যবস্থা না থাকায় এগুলো নষ্ট হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। তিনি আরও বলেন যে, প্রাণিদের বিভিন্ন রোগের ঔষধ বিতরণের জন্য ফ্রি মেডিক্যাল ক্যাম্প করা প্রয়োজন। | ১) পোল্ট্রি খামারীদের প্রশিক্ষণ প্রদানের জন্য স্থায়ী কমিটির মাধ্যমে প্রকল্প গ্রহণ করতে হবে।<br>২) পশু-পাখির ভ্যাক্সিন সংরক্ষণের নিমিত্তে আইপিএস স্থাপন করতে হবে।<br>৩) ফ্রি মেডিক্যাল কাম্প এর জন্য বাজার সমূহে মাইকিং করতে হবে। | ১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br><br>২) সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সভাপতি।<br><br>৩) সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সভাপতি। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে,শান্তিগঞ্জ উপজেলা সৃষ্টির পূর্বে একীভূত সুনামগঞ্জ সদর | ১. নতুন পদ সৃজন ও শুন্য পদ পূরণের নিমিত্ত পত্র প্রেরণ করতে হবে। | ১. উপজেলা শিক্ষা কর্মকর্তা,শান্তিগঞ্জ।<br><br>২. উপজেলা |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | সহায়তার প্রয়োজনীয়তা রয়েছে সে সকল জনসাধারণকে ট্রিপল থ্রী (৩৩৩) নাম্বারে ফোন দেওয়ার জন্য উৎসাহিত করা যেতে পারে।<br>ঘ) উপজেলা নির্বাহী অফিসার সকল বিভাগীয় প্রধান ও সংশ্লিষ্ট উপজেলা স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা আয়োজন করে কার্যকর সুপারিশ প্রেরণের জন্য অনুরোধ করেন।<br>ঙ) শান্তিগঞ্জ উপজেলার পার্শ্ববর্তী উন্নতমানের তেমন কোন খাবারের/নাস্তার দোকান নেই। উপজেলার বিভিন্ন ইউনিয়নের বিভিন্ন গ্রামের লোকজন উপজলা পরিষদে নাগরিক সুবিধার জন্য উপজেলা পরিষদে বিভিন্ন দপ্তরে আসেন। উপজেলা পরিষদ চত্বরে কোন ধরণের খাবারের দোকান না থাকায় হাল্কা নাস্তার জন্য শান্তিগঞ্জ বা পাগলা বাজারে যেতে হয়। ফলে অর্থ ও সময় দুটোই ব্যয় হচ্ছে। এছাড়া উপজেলা পরিষদের বিভিন্ন সভা/সেমিনারের স্ন্যাকস ও নাস্তার জন্য সুনামগঞ্জএ যেতে হয়। ফলে সময় ও অর্থের অপচয় হয়। এ বিষয়ে উপজেলা পরিষদের মাসিক সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অত্র উপজেলা পরিষদ চত্বরে একটি ক্যান্টিন ও অপেক্ষাগার নির্মাণের বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন। উপজেলা পরিষদের রাজস্ব আয় সীমিত থাকায় ক্যান্টিনের ভাড়া নির্ধারণ করে আগ্রহী ব্যবসায়ীর নিজস্ব অর্থায়নে ক্যান্টিন ও অপেক্ষাগার নির্মাণ করে উক্ত ব্যবসায়ীর অনুকূলে ক্যান্টিনটি বরাদ্দ প্রদান করে। নির্মাণ ব্যয় পরিশোধ পর্যন্ত নির্ধারিত হারে ভাড়া কর্তনের জন্য উপজেলা পরিষদের সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জকে একটি প্রাক্কলন তৈরি করে প্রাক্কালন ব্যয়টি আগামী পরিষদের মাসিক সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়।<br>চ) নভেম্বর মাসের প্রথম সপ্তাহে বনভোজনের আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সকলের সাথে আলোচনা করে পিকনিক স্পট নির্ধারণ এবং এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ) ও উপজেলা সমবায় অফিসার, শান্তিগঞ্জকে সভায় অনুরোধ করা হয়।<br>ছ) উপজেলা পরিষদে হস্তান্তরিত সকল বিভাগের অফিস কক্ষ উপজেলা পরিষদে স্থান সংকুলান না হওয়ায় উপজেলা পরিষদের বাহিরে ভাড়া নিয়ে অফিস পরিচালনা করছেন। অত্র উপজেলা পরিষদে কিছু কিছু অফিস প্রয়োজনের অধিক কক্ষ ব্যবহার করছেন মর্মে সভায় আলোচনা হয়।আলোচনান্তে সভায় উপস্থিত সদস্যবৃন্দ মতামত প্রকাশ করেন যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে কক্ষ বরাদ্দে বিষয়ে একটি কমিটি গঠন করে চাহিদা মোতাবেক পুনরায় বরাদ্দ প্রদান করার জন্য সভায় আলোচনা করা হয়। | জন্য অনুরোধ করা হলো।<br>৩.ইউপি চেয়াম্যান ও সংশ্লিষ্ট সকলকে জরুরী খাদ্য সহায়তার জন্য ৩৩৩ নাম্বারের ব্যপক প্রচারণার করতে হবে।<br>৪. সকল বিভাগীয় প্রধান ও সংশ্লিষ্ট উপজেলা স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা আয়োজন করতে হবে।<br>৫. অত্র উপজেলা পরিষদ চত্বরে একটি ক্যান্টিন ও অপেক্ষাগার নির্মাণের প্রাক্কলন ব্যয় নির্ধারণ করতে হবে।<br>৬.নভেম্বর মাসের প্রথম সপ্তাহে উপজেলা পরিষদের পক্ষ হতে বনভোজনের আয়োজন করতে হবে।<br>৭.উপজেলা পরিষদের অভ্যন্তরে কক্ষ বরাদ্দে বিষয়ে একটি কমিটি গঠন করতে হবে।যে সকল অফিস প্রয়োজনের অধিক কক্ষ ব্যবহার করছেন সে সকল অফিসের বরাদ্দকৃত অতিরিক্ত কক্ষ বরাদ্দ বাতিল করতে হবে।<br>৮. উপজেলা রাজস্ব তহবিল হতে গ্রামপুলিশদের মাসিক বেতনভাতা পরিশোধের নিমিত্ত হাট বাজার ইজারালব্দ অর্থের ৪১% যা উপজেলা রাজস্ব তহবিলে জমা আছে উক্ত জমাকৃত অর্থ হতে ৫,০০,০০০/-টাকা বিতরণের অনুমতির জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | ৩। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৪.সংশ্লিষ্ট সকল।<br>৫. উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জ।<br>৬. উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ) ও উপজেলা সমবায় অফিসার, শান্তিগঞ্জ<br>৭. উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ।<br>৮. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সভায় উপজেলা নির্বাহী অফিসার নির্দেশনা প্রদান করেন যে, মার্তৃত্বকালীন ভাতা সুবিধাভোগীদেরকে জন্ম নিবন্ধনের বিষয়টি সম্পর্কে অবহিত করতে হবে এবং জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মার্তৃত্বকালীন ভাতা সুবিধাভোগীদেরকে জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ শান্তিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্প। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২১ | বিবিধ আলোচনা | ক) সভায় চেয়ারম্যন উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ জানান যে, উপজেলা পরিষদের মাসক সমন্বয় সভার তারিখ ও সময় জানানোর পরও কিছু অফিস প্রধানগণ উপজেলা পরিষদের অনুমতি ব্যতিরেকে প্রায়শই সভায় অনুপস্থিত থাকেন এবং অনেকেই সভা চলাকালীন সময়ে সভাস্থল ত্যাগ করেন। যেহেতু নির্দিষ্ট তারিখে সভা অনুষ্তিত হয় সেহেতু ওই নির্দিষ্ট অন্য কোন কাজ না রাখার জন্য তিনি অনুরোধ জানান।<br>খ) উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ সভায় জানান যে, বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১ প্রকাশনার কাজ চলমান রয়েছে। স্ব-স্ব দপ্তর নির্ধারিত ফরমে জরুরী ভিত্তিতে বার্ষিক প্রতিবেদন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করেন।<br>গ) ট্রিপল থ্রী (৩৩৩) এ ফোনের মাধ্যমে জরুরী ভিত্তিতে খাদ্য সহায়তা পৌছে দেওয়া হয়। অত্র উপজেলায় ৩৩৩ নাম্বারে তেমন ফোন আসেনা। যে সকল জনসাধারণের খাদ্যাভাব ও অন্যান্য জরুরী | ১. যে সকল কর্মকর্তাগণ/সদস্যগণ কর্তৃপক্ষের বিনা অনুমতিতে উপজেলা পরিষদের মাসিক সভায় অনুপস্থিত তাঁদেরকে অনুপস্থিতির কারণ উপজেলা পরিষদকে লিখিতভাবে জানাতে হবে।<br>২. যে সকল দপ্তর বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১ প্রকাশনা সংক্রান্ত তথ্য দাখিল করেনি তাদেরকে আগামী ০১ সপ্তাহের মধ্যে প্রয়োজনীয় তথ্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার | ১. সংশ্লিষ্ট সকল।<br>৩। ইউপি |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | (জ) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের (স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখা) ২৩/১১/২০২০ তারিখের ৪৬.০১৭.০১৮.০০.০০.০০৯.২০১১.৫২৯ নং স্মারকমূলে নির্দেশনা প্রদান করেছেন যে, হাট বাজার ইজারালব্দ আয়ের অবশিষ্ঠ ৪১% অর্থ হতে ইউনিয়ন পরিষদ কর্মচারীদের ইউপি অংশের বেতন ভাতাদি পরিশোধের লক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ক্রমিক-৪ অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য বলা হয়েছে। পত্রটি সভায় উপস্থাপন করা হয় এবং চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করা হয়। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ ইউপি চেয়ারম্যানগণকে বলেন আপনাদের ইউনিয়ন ট্যাক্স আদায়ের হার অত্যন্ত কম। এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগণকে সচেষ্ট হওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। উপজেলা রাজস্ব তহবিলের স্বল্পতা থাকায় গ্রাম পুলিশদের বেতন ভাতা বাবদ পর্যাপ্ত অর্থ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা সম্ভব নয়। উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ জানান যে, প্রতিমাসে গ্রামপুলিশদের মাসিক বেতনভাতা বাবদ ২,৫০,০০০/- টাকা প্রয়োজন। সার্বিক দিক বিবেচনায় উপজেলা রাজস্ব তহবিল হতে গ্রামপুলিশদের মাসিক বেতনভাতা পরিশোধের নিমিত্ত হাট বাজার ইজারালব্দ অর্থের ৪১% যা উপজেলা রাজস্ব তহবিলে জমা আছে উক্ত জমাকৃত অর্থ হতে ৫,০০,০০০/- টাকা মঞ্জুরীর জন্য স্থানীয় সরকার বিভাগ বরাবরে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | ৯. সরেজমিন তদন্তক্রমে প্রস্তাবিত প্রকল্প গুলোর মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে যে সকল প্রকল্প সম্পাদন করা জরুরী যে সকল প্রকল্পের প্রাক্কালন জরুরী ভিত্তিতে দাখিল করতে হবে। | ৯. উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| | | (ঝ) চেয়ারম্যান, পাথারিয়া ইউপি, শান্তিগঞ্জ এর দাখিলীয় ইউনিয়ন বাজার ব্যবস্থাপনা কমিটির কার্যবিবরণীটি সভায় উপস্থাপন করেন। কার্যবিবরনীর সিদ্ধান্তমতে পাথারিয়া বাজারে যে সকল উন্নয়নমূলক কাজ করতে হবে তা পাঠ করে শুনান। উন্নয়নমূলক কাজগুলো হলো-১. পাথারিয়া বাজারে ০২ টি পাবলিক টয়লেট নির্মাণ ২. পাথারিয়া বাজারে ০৪ টি নলকূপ স্থাপন ৩.পাথারিয়া বাজারে সকল রাস্তার উপরে সিসি দ্বারা পাকাকরণ ৪. পাথারিয়া বাজারে সিএনবি সড়ক হতে প্রভাতি কিন্ডারগার্টেন স্কুলের সামনে পর্যন্ত বাজারের গলি পাকা করন ৫. পাথারিয়া বাজারে সোলার লাইট স্থাপন ৬. পাথারিয়া বাজারে ০৪ টি ডাস্টবিন স্থাপন ৭. পাথারিয়া বাজারে ড্রেন নির্মাণ।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ইতিপূর্বে অত্র বাজারে ইজারামূল্য হতে প্রাপ্ত অর্থ দিয়ে উন্নয়নমূলক কাজ করা হয়েছে। বর্তমানে অগ্রাধিকার ভিত্তিতে জরুরী কাজগুলো সম্পাদন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রস্তাবিত প্রকল্পগুলো বাস্তবায়নের সুপারিশ করা হয়। | ১০. সরেজমিন তদন্তক্রমে প্রস্তাবিত প্রকল্প গুলোর মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে যে সকল প্রকল্প সম্পাদন করা জরুরী যে সকল প্রকল্পের প্রাক্কালন জরুরী ভিত্তিতে দাখিল করতে হবে। | ১০. উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | (ঞ) চেয়ারম্যান, দরগাপাশা ইউপি, শান্তিগঞ্জ এর দাখিলীয় ইউনিয়ন বাজার ব্যবস্থাপনা কমিটির কার্যবিবরণীটি সভায় উপস্থাপন করেন। কার্যবিবরনীর সিদ্ধান্তমতে ভমভমি বাজার, আক্তাপাড়া মীনা বাজারে যে সকল উন্নয়নমূলক কাজ করতে হবে তা পাঠ করে শুনান। উন্নয়নমূলক কাজগুলো হলো- ১. ভমভমি বাজারে মাঠি ভরাট ও ০৩ টি ডাস্টবিন স্থাপন ২. আক্তাপাড়া মীনা বাজারে মাছ বাজার থেকে বাজারের ভিতর পর্যন্ত আর সিসি ঢালাই ও ০৩ টি ডাস্টবিন স্থাপন। দরগাপাশা ইউনিয়নের বাজারগুলোতে উন্নয়নমূলক কাজ সম্পাদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। প্রস্তাবিত প্রকল্পগুলো বাস্তবায়নের সুপারিশ করা হয়। | | |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১০/২১

(ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০৯১১.০০০.১১.০৩৬.২১- ৮১ (৫০)

তারিখ: ২৪/১০/, ২০২১খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. জনাব এম.এ.মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
০৭. উপজেলা .................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৮. চেয়ারম্যান ..................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
০৯. জনাব/জনাবা......................................................................................................

২৪/১০/২১

(মোঃ আনোয়ার উজ জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ